গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

রাজেন্দ্রপুর, গাজীপুর

Web: pbs2.gazipur.gov.bd

নম্বর ২৭.১২.৩৩৩০.৫৭৭.০১.০৩৮.১৯.৮৮৩

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯

০৭ মার্চ ২০২৩

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: **"আশ্রয়ণ প্রকল্পের ওয়্যারিং মালামাল" সরবরাহের কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র (RFQ) কোটেশন নম্বর: (২৪/২০২২-২০২৩), তারিখ: ০৭/০৩/২০২৩ খ্রিঃ**

প্রতি

.....

.....

০১। জেনারেল ম্যানেজার, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর, গাজীপুর এর অনুকুলে ''আশ্রয়ণ প্রকল্পের ওয়্যারিং মালামাল'' সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত খামে RFQ পদ্ধতিতে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

০২। মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির **web-http:// pbs2.gazipur.gov.bd** হতে ডাউনলোড করে কোটেশন এর সকল শর্তাদি পুরন সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফর্মে দরপত্র গ্রহণযোগ্য হবে না। অথবা আবেদনের মাধ্যমে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

০৪। নির্ধারিত কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬নং অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত দপ্তরে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম **১৫/০৩/২০২৩** খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, গাজীপুর দাখিল করতে হবে। কোটেশনের খামে **''আশ্রয়ণ প্রকল্পের ওয়্যারিং মালামাল'' সরবরাহের জন্য কোটেশন এবং ১৫/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার** আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। প্রাপ্ত দরপত্রসমূহ ১৫/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসে **web-http:// pbs2.gazipur.gov.bd** এ দেখা যাবে।

০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে। ০৯। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং ৬ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামাল/কাজের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহণ করা হবে। সন্তোষজনক মালামাল সরবরাহ/কাজকরণের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধ যোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎস কর আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২। কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স এবং টিআইএন সনদ, হালনাগাদ ব্যাংক সলভেন্সি এর অনুলিপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে। অতিরিক্ত সংযুক্তি প্রয়োজন নেই।

১৩। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত **গাণিতিক** সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে **০৭ (সাত)** দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৭। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহ/কাজে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১৮। গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

সংযুক্তিঃ সিডিউল-১ সেট।



৭-৩-২০২৩

প্রকৌ. মোঃ গোলাম মোস্তফা
জেনারেল ম্যানেজার
ইমেইল: gazipbs2@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণের অনুরোধসহ)।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)।

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, ঢাকা জোন (উত্তর)

৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর

৫) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, গাজীপুর

৬) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস ১/২/৩/৪

৭) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (এসওডি) এর কার্যালয়, বাপবিবো, গাজীপুর

৮) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, গাজীপুর।

৯) উপজেলা নির্বাগী কর্মকর্তা, গাজীপুর সদর/কাপাসিয়া/শ্রীপুর, গাজীপুর।

১০) ডিজিএম (টেকনিক্যাল), ডিজিএম (কারিগরী) বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

১১) ডিজিএম, কাপাসিয়া জোনাল অফিস, গাজীপুর পবিস-২।

১২) এজিএম (ওএন্ডএম), আমরাইদ সাব জোনাল অফিস, গাজীপুর পবিস-২।

১৩) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

১৪) এজিএম (আইটি), আইটি বিভাগ, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ (সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের জন্য)।

১৫) নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-২, ।